

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ১৪২

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ আল্লাহর প্রশংসামূলক কতক বাক্যের ফযিলত

আরবী

142 - عَنْ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ - رضي الله عنهما - قَالَ: بَلَغَنِي حَدِيثٌ عَنْ رَجُلِ سَمِعَهُ مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَاشْتَرَيْتُ بَعِيرًا ثُمَّ شَدَدْتُ عَلَيْهِ رَحْلِي, فَسَرْتُ إِلَيْهِ شَهْرًا حَتَّى قَدِمْتُ عَلَيْهِ الشَّامَ فَإِذَا عَبْدُ اللَّهِ بْنُ أُنيْسٍ. وَقَالَ: ابْنُ عَبْدِ اللَّهِ؟ قُلْتُ: نَعَمْ. فَخَرَجَ يَطَأْ ثَوْبَهُ فَقُلْتُ لِلْبُوّابِ: قُلْ لَهُ: جَابِرٌ عَلَى الْبَابِ، فَقَالَ: ابْنُ عَبْدِ اللَّهِ؟ قُلْتُ: نَعَمْ. فَخَرَجَ يَطَأْ ثَوْبَهُ فَقُلْتُ لِلْبُوّابِ: قُلْ لَهُ: جَابِرٌ عَلَى الْبَابِ، فَقَالَ: ابْنُ عَبْدِ اللَّهِ؟ قُلْتُ: نَعَمْ. فَخَرَجَ يَطَأْ ثَوْبَهُ فَاعْتَنَقَتْهُ فَقُلْتُ: حَدِيثًا بَلَغَنِي عَنْكَ أَنْكَ سَمِعْتَهُ مِنْ رَسُولِ اللّهِ صلى الله عليه وسلم فِي الْقِصَاصِ فَخَشْيتُ أَنْ تَمُوتَ أَوْ أُمُوتَ قَبْلَ أَنْ أَسْمَعَهُ, قَالَ: المَعِعْتُ رَسُولَ اللّهِ صلى الله عليه وسلم يَقُولُ: « يُحْشَرُ النَّاسُ يَوْمَ الْقِيَامَةِ – أَوْ قَالَ: الْعِبَادُ – عُرَاةً عُرُلاً بُهْمًا»، قَالَ: هُمَا النَّارِ أَنْ يَدْخُلُ النَّارِ وَلَهُ عِنْدَ أَحِدٍ عَنْ أَهْلِ النَّارِ أَنْ يَدْخُلُ النَّارَ وَلَهُ عِنْدَ أَحِدٍ مِنْ أَهْلِ الْبَارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَّهُ مِنْ أَهْلِ الْجَنَّةِ مَقْ أَنْ يَدْخُلُ النَّارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَّهُ مِنْ أَهْلِ الْجَنَّةِ مَقْ أَنْ يَدْخُلُ النَّارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَّهُ مِنْ أَهْلِ الْجَنَّةِ مَنْ أَلْلُ الْبَارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَّهُ مِنْ أَهْلِ الْجَنَّةِ مَقْ لَا النَّارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَةً مِنْ أَهُلِ الْجَنَّةِ مَنْ أَهْلِ الْجَنَّةِ مَقَ لَا المَيْلُكُ أَلَا النَّارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَةً مِنْ أَهْلِ الْجَنَّةِ مَنْ أَلْولِ النَّارِ عِنْدَهُ حَقَّ حَتَّى أَقُصَةً مَنْ أَنْ الْمَلِكُ الْمَلِ الْجَنَّةِ مَقْ الْمَلِكُ الْعُلْمُ الْمُقِلِ الْمَلِي الْمُنَاتِ وَالسَّيْنَاتِ وَالسَّيْنَاتِ وَالسَّيَاتِ وَالْمَالِكُ الْمُلِكُ الْمُلِكُ الْمُلِلُ الْمُلِكُ الْمُلِكُ الْمُثَلُ النَّالِ عَلَى الْقُولُ الْمُ الْفُولُ الْمُلِكُ الْمُلِكُ الْمُلِكُ الْمُعْمَاء عَلَى الْمُعَلِي الْمُعْلَى الْمُحْلِلُ الْمُلِلُهُ الْمُعْلِي الْمُعْلِقُولُ الْمُلِكُ الْمُعْلِكُ الْ

বাংলা

১৪২. জাবের ইবনু আব্দুল্লাহ রাদিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: আমার নিকট একটি হাদিসের সংবাদ পৌঁছেছে, যা কোন এক ব্যক্তির নিকট রয়েছে যে তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছ থেকে শুনেছে। অতঃপর আমি একটি উট খরিদ করি ও তাতে সফর করি, অতঃপর একমাস সফর করে শামে গিয়ে তার সাক্ষাৎ লাভ করি, দেখলাম তিনি আব্দুল্লাহ ইবনু উনাইস।

আমি দারোয়ানকে বললাম: তাকে বল: জাবের দরজায় অপেক্ষা করছে। তিনি বললেন: (জাবের) ইবনু আব্দুল্লাহ?



আমি বললাম: হ্যাঁ, তিনি নিজ কাপড় হেঁচড়াতে হেঁচড়াতে বের হলেন, অতঃপর আমার সাথে আলিঙ্গন করলেন, আমিও তার সাথে আলিঙ্গন করলাম। আমি বললাম: আপনার কাছ থেকে আমার নিকট কিসাস সম্পর্কে একটি হাদিস পোঁছেছে যে, আপনি তা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট শ্রবণ করেছেন, আমি আশন্ধা করছিলাম, হয় আপনি মারা যাবেন, অথবা আমিই মারা যাব তা শ্রবণ করার আগে। তিনি বললেন: আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি: "কিয়ামতের দিন মানুষদের অথবা বলেছেন: বান্দাদের, হাজির করা হবে, (উরাত) উলঙ্গ, (গুরলান) খৎনা বিহীন, (বুহমান) খালি হাত অবস্থায়"। তিনি বলেন: আমরা বললাম: বুহমান কি? তিনি বললেন: "তাদের সাথে কিছু থাকবে না। অতঃপর তিনি তাদেরকে নির্দিষ্ট আওয়াজ দ্বারা ডাক দিবেন যা নিকট থেকে শুনা যাবে: আমিই বাদশাহ, আমি প্রতিদান দানকারী, কোন জাহান্নামী যার কোন জান্নাতির নিকট হক রয়েছে জাহান্নামে প্রবেশ করবে না, যতক্ষণ না আমি তার থেকে তাকে কিসাস পাইয়ে দিব। কোন জান্নাতি যার নিকট কোন জাহান্নামীর হক রয়েছে জান্নাতে প্রবেশ করবে না যতক্ষণ না আমি তার থেকে তাকে কিসাস পাইয়ে দিব। কোন জালাহির নিকট উলঙ্গ, গুরলান বুহমান হাজির হব?[1] তিনি বললেন: নেকি ও পাপের মাধ্যমে"। [আহমদ, বুখারি ফিল আদাবুল মুফরাদ, আৰু আসেম, হাকেম] হাদিসটি হাসান লি গায়রিহি]

ফুটনোট

[1] অর্থাৎ কিভাবে পরস্পরের হক আদান-প্রদান করব, আমাদের সাথে তো কিছুই থাকবে না? তার জবাবে বলা হয়েছে যে এ আদান-প্রদান ও কিসাস হবে সৎ কাজ ও অসৎ কাজের মাধ্যমে। সুতরাং কারও ভালো কাজ থাকলে, দুনিয়াতে কারও উপর যুলুম করে থাকলে সে ভালো কাজ তাকে দিয়ে দেওয়া হবে, আর না থাকলে তার উপর অপরের গোনাহ চাপিয়ে দেওয়া হবে। [সম্পাদক]

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন